

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০৪০.২০.১৮

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭

২১ জুলাই ২০২০

বিষয়: ভি.সি.(ভার্চুয়াল কোর্ট) রিট পিটিশন নং-২৯৬/২০২০ মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত আদেশ মতে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিলকৃত ০৫.০৫.২০ তারিখের আবেদনটি নিষ্পত্তিকরণসহ সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইভিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের ভি.সি.রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৬.০৭.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৬.০৭.২০২০ খ্রি: তারিখে ভার্চুয়াল কোর্ট রিট পিটিশন নং-২৯৬/২০২০ এর মাধ্যমে রুল নিশি জারী করা হয়েছে।

০২. ভি.সি.(ভার্চুয়াল কোর্ট)রিট মামলাটি কারিগরি শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট। বাংলাদেশ সুপ্রিম কোর্টের ওয়েব সাইট থেকে জানা যায় যে, ভি.সি রিট মামলাটি জনাব তারেক আহমেদ এবং অন্যান্য কর্তৃক মহামান্য আদালত দায়ের করা হয়েছে এবং গত ০৬.০৭.২০২০, ১৯.০৭.২০২০, ২০.০৭.২০২০ এবং ২১.০৭.২০২০ (অদ্য) মামলাটি গুনানীর জন্য ধার্য আছে।

০৩. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারীগণ কর্তৃক ভিজি কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিকট দাখিলকৃত গত ০৫.০৫.২০২০ খ্রি: তারিখের আবেদন বিষয়ে ভিজি কর্তৃক কোন কার্যক্রম গ্রহণ না করার প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে রিট আবেদনকারীগণ কর্তৃক এম.পি.ও.ভুক্তির দাবী করে মামলাটি দায়ের করা হয়েছে।

০৪. উক্ত রিট মামলায় আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিসম্মতভাবে আবেদনটি নিষ্পত্তির জন্য মহামান্য আদালত কর্তৃক রেসপন্ডেন্টস এর প্রতি নির্দেশ দেয়া হয়েছে।

০৫. ভি.সি রিট পিটিশন নং-২৯৬/২০২০ মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপন্ডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপন্ডেন্টসহ মোট ১৩ (তের) জনকে রেসপন্ডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটির রুল নিশিতে নিম্নরূপ আদেশ জারী করা হয়েছে:

' The Respondent No.2, The Director General, Directorate of Technical Education, F-4/B, Sher-E-Bangla Nagar, Agargaon, Dhaka-1207 is directed to dispose of the representation/application dated 05.05.2020 Annexure-E to the Virtual Court Writ Petition submitted before him by the petitioner within a period of 30 (thirty) days from the date of receipt of this order, in accordance with law and communicate the decision to the petitioner.'

০৫. উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর রিট পিটিশনারগণ কতৃক দাখিলকৃত ০৫.০৫.২০ খ্রি: তারিখের আবেদনখানা নিষ্পত্তি করা হয়েছে কীনা এ বিষয়ে তথ্য জনো দরকার।

০৬. তাছাড়া সরকার পক্ষের জবাব (*Affidavit in opposition*) আদালতে দাখিল হয়েছে কী না এ বিষয়েও তথ্য দরকার।

০৭. এমতাবস্থায়

ক. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর রিট পিটিশনারগণ কতৃক দাখিলকৃত ০৫.০৫.২০ খ্রি: তারিখের আবেদনখানা নিষ্পত্তি করা হয়েছে কীনা? না হয়ে থাকলে না হওয়ার কারণ উল্লেখসহ আবেদনখানা বিধিমতে নিষ্পত্তিক্রমে প্রমাণকসহ এ সংক্রান্ত তথ্য আগামি ২৮.০৭.২০ এর মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিতকরার জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

খ. মামলাটির জবাব (*Affidavit in opposition*) দাখিল হয়েছে কী না? হয়ে থাকলে দাখিলকৃত জবাবের প্রমাণকসহ তথ্য এ বিভাগে (২৮.০৭.২০ খ্রি: এর মধ্যে) প্রেরণের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

গ. নতুন মামলার বাঁকি এড়ানোর নিমিত্ত এরূপ Pending আবেদন নিষ্পত্তিক্রমে প্রমাণকসহ তথ্য এ বিভাগে (২৮.০৭.২০ খ্রি: এর মধ্যে) প্রেরণের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২১-৭-২০২০

ড. মো: মহতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০১৩.২০.১৮/১(৭)

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭  
২১ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।